দৈনিক সংবাদ

তারিখ 06 NOV 1993
পৃষ্ঠা ১ কলাম ৪

### শিক্ষক প্রতিনিধিদলের কাছে প্রধানমন্ত্রী

# ঢাকা ভার্সিটিতে ছাত্র রাজনীতি বন্ধ রাখতে আপত্তি নেই

*।। রেজোয়ানুল হক রাজা ।। ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাম্প্রতিক সন্ত্রাসী ঘটনার পরিপ্রেক্ষিতে প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার সঙ্গে গতকাল শুক্রবার বিশ্ববিদ্যালয়ের একটি প্রতিনিধিদলের আলোচনায় ক্যাম্পাসে সন্ত্রাস বন্ধের পাশাপাশি রাজনীতি নিয়ন্ত্রণের প্রশ্ন উঠেছে। প্রতিনিধিদলের একজন সদস্য ক্যাম্পাসে রাজনৈতিক সমাবেশ বন্ধ রাখার প্রস্তাব দিলে প্রধানমন্ত্রী বলেন, এতে তার দলের আপত্তি নেই। এমনকি ছাত্র রাজনীতি কিছুদিন বন্ধ রাখার প্রস্তাব দেয়া হলেও তার দল আপত্তি করবে না। খবর নির্ভরযোগ্য সূত্রের। গতকাল রাতে সুগন্ধায় অনুষ্ঠিত এ আলোচনায় বিশ্ববিদ্যালয়ের ৩৩ সদস্যের প্রতিনিধিদলের নেতৃত্ব দেন উপাচার্য অধ্যাপক এমাজউদ্দিন আহমেদ; তার সঙ্গে ছিলেন উপ-উপাচার্য ডঃ ওয়াকিল আহমেদ, সিন্ডিকেট সদস্যবৃন্দ, সকল ডীন ও প্রাধ্যক্ষ এবং শিক্ষক সমিতির নেতৃবৃন্দ। সরকারপক্ষে প্রধানমন্ত্রী ছাড়া শিক্ষামন্ত্রী ব্যারিষ্টার জমিরউদ্দিন সরকার ও জ্বালানিমন্ত্রী ডঃ খন্দকার মোশাররফ হোসেন উপস্থিত ছিলেন।*

*জানা গেছে, শিক্ষক সমিতির পক্ষ থেকে সেখানে একটি লিখিত বক্তব্য পেশ করা হয়। তাতে বলা হয়, সন্ত্রাস বন্ধ করার দায়িত্ব* ভার্সিটি ঃ পৃঃ ৮ কঃ ৪

## ভার্সিটি ঃ রাজনীতি বন্ধ রাখতে আপত্তি নেই

( ১ম পৃষ্ঠার পর )

সরকারের এবং সরকারকে তা পালন করতে হবে। ক্যাম্পাসে পুলিশকে যে দায়িত্ব দিয়ে পাঠানো হয় তা তারা পালন করতে ব্যর্থ হয়েছে বলেও অভিযোগ করা হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাম্প্রতিক ঘটনার সাথে দু'জন মন্ত্রী এবং এর আগে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ঘটনার সাথে অপর একজন মন্ত্রীর জড়িত থাকার প্রসঙ্গটিও শিক্ষক সমিতি তোলে তবে প্রধানমন্ত্রী মন্ত্রীদের সংশ্লিষ্টতার কথা অস্বীকার করেন।

জানা গেছে, বিশ্ববিদ্যালয় প্রতিনিধিদল ক্যাম্পাসে তাদের নিরাপত্তাহীনতার বিষয়টি প্রধানমন্ত্রীর কাছে তুলে ধরেন এবং এ ব্যাপারে সরকারকে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার অনুরোধ করেন। প্রধানমন্ত্রী তাদের আশ্বাস দেন যে, সরকারের যা করণীয় তা করা হবে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের পক্ষে যেটুকু করা সম্ভব তা করার পরামর্শ দিয়ে তিনি বলেন, এ ব্যাপারে সাহায্য প্রয়োজন হলে সরকার এগিয়ে আসবে।

সূত্র জানান, আলোচনার এক পর্যায়ে উপাচার্য অধ্যাপক আহমেদ সন্ত্রাসীদের বিরুদ্ধে জেহাদ ঘোষণার জন্য প্রধানমন্ত্রীর প্রতি আহ্বান জানিয়ে বলেন, 'এ ব্যাপারে আমরা আপনার সঙ্গে থাকব।' জবাবে প্রধানমন্ত্রী বলেন 'ইতিমধ্যেই জেহাদ ঘোষণা করা হয়েছে। আপনারা আপনাদের মত করে যে কোন ব্যবস্থা নিন, সরকার তা সমর্থন করবে।' তিনি আরো বলেন, সন্ত্রাস বন্ধ করতে সরকার আন্তরিক এবং অবৈধ অস্ত্রধারীদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে।

ক্যাম্পাস পুলিশ গঠনের ব্যাপারে বিশ্ববিদ্যালয়ের একজন হল প্রাধ্যক্ষের প্রস্তাবের ব্যাপারে প্রধানমন্ত্রী বলেন, সরকার এটা বিবেচনা করে দেখবে। বৈঠকসূত্রে জানা গেছে, উপস্থিত মন্ত্রীদ্বয় সেখানে তেমন কিছু বলেননি।